ভোরের কাগজ

তারিখ ... JAN. 17. 1999 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১ ......

গাইডলাইন

# কর্মমুখী শিক্ষা

সাধারণ ও ভোকেশনাল শিক্ষা সমন্বয়ে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ জনসম্পদ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রবর্তিত এসএসসি শিক্ষাক্রমে ১৯৯৯ শিক্ষাবর্ষে নবম শ্রেণীতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ঢাকার অধীনস্থ খুলনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে ছাত্রছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করেছে।

ট্রেডসমূহ : ১. ড্রাফটিং মেকানিক্যাল ২. ড্রাফটিং সিভিল ৩. ইলেকট্রিক্যাল ৪. অটোমোটিভ ৫. রেডিও এন্ড টিভি ৬. জেনারেল মেকানিক্স ৭. ওয়েলডিং ৮. মেশিনিস্ট ৯. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ১০. টার্নার ১১. কার্পেন্ট্রি ১২. রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং।

যোগ্যতা : এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণীতে ভর্তিচ্ছুক প্রার্থীদের বয়স ১ জানুয়ারি ১৯৯৯ তারিখে ১২ থেকে ১৮ বছরের মধ্যে হতে হবে।

আবেদনপত্র সংগ্রহ : ভর্তিচ্ছুক প্রার্থীরা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র খুলনা হতে অফেরতযোগ্য ৭০ টাকার বিনিময়ে ভর্তি ফরম ও ভর্তি তথ্য বিবরণী সংগ্রহ করতে পারবে।

ভর্তি পরীক্ষা : ভর্তি পরীক্ষার মাধ্যমে ছাত্রছাত্রীদের ভর্তির জন্য নির্বাচিত করা হবে। ভর্তির লিখিত পরীক্ষা আগামী ৬ ফেব্রুয়ারি '৯৯ তারিখে সকাল ১০টায় এবং প্রবণতা বা অ্যাপটিচুড পরীক্ষা ৭ ফেব্রুয়ারি '৯৯ তারিখে সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

**পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপুর্ণ তথ্য :** লিখিত পরীক্ষার জন্য নির্ধারিত নম্বর ৯০। বাংলা, ইংরেজি এবং গণিত প্রতিটি ৩০ নম্বর করে থাকবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র অষ্টম শ্রেণীর পাঠ্যক্রম অনুযায়ী প্রণয়ন করা হবে। লিখিত পরীক্ষায় রচনামূলক এবং নৈর্ব্যক্তিক উভয় ধরনের প্রশ্ন থাকবে।

প্রবণতা বা অ্যাপটিচুড পরীক্ষার জন্য নির্ধারিত নম্বর ১০। এর মধ্যে মৌখিক পরীক্ষার জন্য ৫ নম্বর এবং কায়িক পরীক্ষার জন্য ৫ নম্বর থাকবে। লিখিত এবং কায়িক উভয় পরীক্ষার সমন্বয়ে চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হবে।

❑ নাছরিন নাহার (রীমা)